

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
থানা সেন্টার প্ল্যানিং-১  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০২.১৭.৫৮৭

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: "সাপোর্ট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর সড়ক (ঢাকা-বাইপাস) পিপিপি প্রকল্প" শীর্ষক প্রকল্পের আওতায়  
নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার কাঞ্চন, পানাব এবং গোলাকান্দাইল মৌজায় মোট ৪.৩৪১ একর ভূমি অধিগ্রহণের  
জন্য অনাপত্তি প্রদান প্রসঙ্গে

সূত্র: ১. প্রকল্প পরিচালক, সওজ এর কার্যালয়ের স্মারক নং-৩৫.০১.০০০০.২৬৪.৩১.০৬৯.২০-৫৩০২; তারিখঃ

২৭-০৩-২০২৩খ্রিঃ

২. অত্র দপ্তরের স্মারক নং-২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০২.১৭.৪৬৭; তারিখঃ ০৬-১২-২০২২ খ্রিঃ

৩. প্রকল্প পরিচালক, সওজ এর কার্যালয়ের স্মারক নং-৩৫.০১.০০০০.২৬৪.৫০৩৭; তারিখঃ ২৪-১১-২০২২খ্রিঃ

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, "সাপোর্ট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর সড়ক (ঢাকা-বাইপাস) পিপিপি প্রকল্প" শীর্ষক প্রকল্পের আওতায় নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার কাঞ্চন, পানাব এবং গোলাকান্দাইল মৌজায় নিম্ন লিখিত তফশিলভুক্ত ৪.৩৪১ একর ভূমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরকে অনুরোধ করা হয়।

জেলা	উপজেলা	মৌজা	জে এল নং	আর.এস দাগ নং	মোট জমির পরিমাণ (একর)
নারায়নগঞ্জ	রূপগঞ্জ	কাঞ্চন, সিট নং ৫	১৬৪	৭৩৯১-৭৩৯২, ৭৩০৩-৭৩০৫, ৭৩৫৭-৭৩৫৮, ৭৩৮৪, ৭৩৭৯, ৭৪৭৩-৭৪৭৫, ৭৪২৪-৭৪২৫, ৭৪৪০	২.৯৩৯
নারায়নগঞ্জ	রূপগঞ্জ	পানাব	১৭১	৫৫-৫৮, ৩৬-৩৭, ২১, ২৭-২৮, ৬১-৬৪	১.৩০৬
নারায়নগঞ্জ	রূপগঞ্জ	গোলাকান্দাইল, সিট নং-২	১৩৭	২০২৫, ২০২৭	০.০৯৬
মোট চাহিতব্য জমির পরিমাণ					=৪.৩৪১ একর

প্রস্তাবিত জমি সরেজমিনে পরিদর্শন করা হয়। সংশ্লিষ্ট মৌজায় প্রস্তাবিত জমিতে দোকান ও বাড়ী, পাকা রাস্তা, পুকুর, টিনশেড ঘরসহ বসতবাড়ী ও অন্যান্য দাগে কৃষি জমি রয়েছে। কিছু জমিতে বর্তমানে ওএমসি গুপের প্রবেশপথ, বৈদ্যুতিক লাইন, মোবাইল টাওয়ার, বাইপাস সড়ক আংশিক রয়েছে। এছাড়া উল্লেখ্য প্রস্তাবিত জমিতে মসজিদ, মন্দির, গির্জা, হাইস্কুল, কলেজ, মাদ্রাসা ইত্যাদি সহ কোন ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান নাই।


প্রস্তাবিত জমিতে জমি অধিগ্রহণে রাজউকের কোন আপত্তি নাই মর্মে রাজউকের অনাপত্তিপত্রে উল্লেখ রয়েছে (রাজউকের

অনাপত্তিপত্র সংযুক্ত)। উল্লেখ্য যে Town Improvement act, 1953 এর 75(1)ধারা অনুযায়ী "Permission for use of land contrary to the Master plan" এর ক্ষেত্রে রাজউকের চেয়ারম্যানকে ক্ষমতা দেওয়া আছে (রাজউকের অনাপত্তিপত্র সংযুক্ত)।

এমতাবস্থায়, জনস্বার্থে ও প্রকল্পের গুরুত্ব বিবেচনায় "সাপোর্ট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর সড়ক (ঢাকা-বাইপাস) পিপিপি প্রকল্প" শীর্ষক প্রকল্পের আওতায় সড়কটি কে উভয় দিকে সার্ভিস লেন সহ ৪ লেনে উন্নীত করা হচ্ছে, যা যোগাযোগ ব্যবস্থার উন্নতি সাধন করবে বিবেচনায় নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার কাঞ্চন, পানাব এবং গোলাকান্দাইল মৌজায় মোট ৪.৩৪১ একর ভূমি অধিগ্রহণের জন্য অনাপত্তি প্রদান করা হলো। উল্লেখ্য যে, এ ভূমি ব্যবহার ছাড়পত্র জমির মালিকানা বুঝাবে না এবং এ বিষয়ে মামলা হলে তা আবেদনকারী সংস্থার দায়িত্ব হিসেবে বিবেচিত হবে।

সংযুক্তিঃ

- ১। স্বাক্ষরিত তফশিল।
- ২। পরিদর্শন প্রতিবেদন।
- ৩। রিজিওনাল ম্যাপ
- ৪। রাজউক কর্তৃক প্রেরিত অনাপত্তিপত্র
- ৫। লে-আউট ম্যাপ



১৫-০৭-২০২৩

শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান

সিনিয়র প্ল্যানার

২২৩৩৫০২০৮

smtariquzzaman@yahoo.com

প্রকল্প পরিচালক (অঃ প্রঃ প্রঃ), সাপোর্ট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর সড়ক (ঢাকা-বাইপাস) পিপিপি প্রকল্প, পার্ট বি, লেভেল-২, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০২.১৭.৫৮৭/১ (৫)

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ২। উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৩। সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৪। প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর এবং
- ৫। প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর।



fauzia

১৬-০৭-২০২৩

ফৌজিয়া শারমিন তিথি  
প্র্যানার